

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৬৯

ধৰ্মনগর, ২২ নভেম্বর, ২০২৩

ধৰ্মনগর পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব আয়োজিত

ধৰ্মনগর পুর পরিষদ ভিত্তিক যুব উৎসব সম্প্রতি বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। এই যুব উৎসবের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধৰ্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মঞ্জু নাথ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা অমিত কুমার যাদব প্রমুখ। সভাপতিত্ব করেন ধৰ্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার। যুব উৎসবে ধৰ্মনগর পুর পরিষদ এলাকার ২৫টি ওয়ার্ডের ১৫ থেকে ২৯ বছর বয়সী যুবক ও যুবতীগণ বিভিন্ন বিষয়ে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। যুব উৎসবে সমবেত লোক সংগীত, সমবেত লোকনৃত্য, ব্যক্তিগত সংগীত, পেইন্টিং, আবৃত্তি, প্রবন্ধ ইত্যাদি বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিটি প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারীগণ উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক যুব উৎসবে অংশগ্রহণ করার সুযোগ পেয়েছেন।
